গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাজীগঞ্জ, চাঁদপুর।
hajiganj.chandpur.gov.bd

স্মারক নং- ০৫.৪২.১৩৪৯.০০০.০০০.০৭.০০০৩.২৬-৭৬ তারিখ ঃ ২৫.০১.২০২৬ খ্রি.

**১৪৩৩ বাংলা সনের হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৬ অক্টোবর, ২০২৫ তারিখের হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা-২০২৫ প্রজ্ঞাপন মোতাবেক হাজীগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩৩ বাংলা সনের (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র) সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শিডিউল ও শর্তমতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে ও www.hajiganj.chandpur.gov.bd ওয়েবসাইটে দেখা যাবে।

দরপত্র ফরম প্রাপ্তির স্থান :
(ক) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।
(গ) উপজেলা ভূমি অফিস, হাজীগঞ্জ, চাঁদপুর।
(ঘ) হাজীগঞ্জ থানা, হাজীগঞ্জ, চাঁদপুর।
(ঙ) সোনালী ব্যাংক পিএলসি, আলীগঞ্জ শাখা, হাজীগঞ্জ, চাঁদপুর।

দরপত্র ফরম দাখিলের স্থান :
(ক) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।
(গ) উপজেলা ভূমি অফিস, হাজীগঞ্জ, চাঁদপুর।

**দরপত্র ফরম বিক্রয়, দরপত্র ফরম দাখিল ও দরপত্র বাক্স খোলার সময়সূচি ঃ**

| ক্রমিক | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় (সরকারি ছুটির দিন ব্যতীত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ০৫.০২.২০২৬ খ্রি. থেকে ১৬.০২.২০২৬ খ্রি. সকাল ১০.০০ থেকে বেলা ০৩. ০০ টা পর্যন্ত | ১৭.০২.২০২৬ খ্রি. সকাল ১০.০০ টা হতে বেলা ০১.০০ টা পর্যন্ত | ১৭.০২.২০২৬ খ্রি. বেলা ০২.৩০ টা |
| ২য় পর্যায় | ২২.০২.২০২৬ খ্রি. থেকে ০১.০৩.২০২৬ খ্রি. সকাল ১০:০০ থেকে বেলা ০৩:০০ টা পর্যন্ত | ০২.০৩.২০২৬ খ্রি. সকাল ১০.০০ টা হতে বেলা ০১.০০ টা পর্যন্ত | ০২.০৩.২০২৬ খ্রি. বেলা ০২.৩০ টা |
| ৩য় পর্যায় | ০৪.০৩.২০২৬ খ্রি. থেকে ০৮.০৩.২০২৬ খ্রি. সকাল ১০:০০ থেকে বেলা ০৩:০০ টা পর্যন্ত | ০৯.০৩.২০২৬ খ্রি. সকাল ১০.০০ টা হতে বেলা ০১.০০ টা পর্যন্ত | ০৯.০৩.২০২৬ খ্রি. বেলা ০২.৩০ টা |
| অব্যাহত | | | |

**১৪৩৩ বঙ্গাব্দ সনের জন্য ইজারাযোগ্য হাট বাজারসমূহ ঃ**

| ক্রমিক | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩৩ সনের কাঙ্খিত ইজারা মূল্য | দরপত্রের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | রাজারগাঁও বাজার | ১নং রাজারগাঁও উত্তর ইউপি | ৪,০০,৬০৫/- | ১,৬০০/- |
| ২. | বাকিলা বাজার | ২নং বাকিলা ইউপি | ১৯,০৭,৫২৭/- | ৪,৬০০/- |
| ৩. | পিরোজপুর বাজার | ৩নং কালচোঁ উত্তর ইউপি | ২৬,০৩৪/- | ৫০০/- |
| ৪. | আদর্শ সাহেব বাজার | ঐ | ৪,৫৩৭/- | ৫০০/- |
| ৫. | রামপুর বাজার | ৪নং কালচোঁ দক্ষিণ ইউপি | ১,৯১,০০০/- | ১,০০০/- |
| ৬. | সুহিলপুর বাজার | ৫নং হাজীগঞ্জ সদর ইউপি | ৩,০১৭/- | ৫০০/- |
| ৭. | অলিপুর বাজার | ঐ | ৬৪১/- | ৫০০/- |
| ৮. | বেলচোঁ বাজার | ৬নং বড়কুল পূর্ব ইউপি | ২,৭২,১৬৭/- | ১২০০/- |
| ৯. | রায়চোঁ বাজার | ঐ | ৪১,৩৬৭/- | ৫০০/- |
| ১০. | সেন্দ্রা বাজার | ঐ | ২,৩৩৯/- | ৫০০/- |
| ১১. | রামচন্দ্রপুর বাজার | ৭নং বড়কুল পশ্চিম ইউপি | ১২,৬৬৭/- | ৫০০/- |
| ১২. | দেবীপুর বাজার | ঐ | ৩০০/- | ৫০০/- |
| ১৩. | পালিশারা বাজার | ৯নং গন্ধর্ব্যপুর উত্তর ইউপি | ৫৯,৮২০/- | ৫০০/- |
| ১৪. | আহম্মদপুর বাজার | ঐ | ২,৭৪৩/- | ৫০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | গন্ধর্ব্যপুর বাজার | ৯নং গন্ধর্ব্যপুর উত্তর ইউপি | ৬,৭০৩/- | ৫০০/- |
| ১৬. | মৈশামুড়া বাজার | ঐ | ১,১৭৯/- | ৫০০/- |
| ১৭. | তারালিয়া বাজার | ঐ | ১,০৬১/- | ৫০০/- |
| ১৮. | কাশিমপুর বাজার | ১০নং গন্ধর্ব্যপুর দক্ষিণ ইউপি | ৪০,৩০৮/- | ৫০০/- |
| ১৯. | দেশগাঁও বাজার | ঐ | ১,৫৪৭/- | ৫০০/- |
| ২০. | চেঙ্গাতলী বাজার | ১২নং দ্বাদশগ্রাম ইউপি | ১,৯২,৩৬৭/- | ১,০০০/- |

**১৪৩৩ বঙ্গাব্দ হাট বাজার ইজারার শর্তাবলী ঃ**

১। ১৪৩৩ বঙ্গাব্দ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক (১) বৎসর সময়ের জন্য হাট বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে **'উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর'** এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপন্তে অব্যবহৃত টাকা জমাদানকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৮০% (শতকরা ৮০ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে ।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে। অর্থাৎ প্রথম পর্যায়ে কোন হাট বাজারের অনুকূলে কোন দরপত্র পাওয়া না গেলে অথবা প্রাপ্ত দরপত্র উপজেলা পরিষদ সভায় গৃহীত না হলে দ্বিতীয় পর্যায়ে ঐ হাট বাজারের অনুকূলে দরপত্র গ্রহন করা হবে। এভাবে তৃতীয় পর্যায়ের জন্য ও দরপত্র গ্রহণ করা হবে। সিদ্ধান্তের বিষয়ে আগ্রহী ব্যক্তি/দরদাতাগণ অফিস চলাকালীন সময় অত্র কার্যালয় হতে অথবা অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানতে পারবেন।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আর এক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র/সিডিউল বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টানিয়ে প্রচার করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্গন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গন্য করা হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়কর সহ) পরিশোধের ০৩ কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। ইজারা গ্রহীতা হাট-বাজারার টাকা পরিশোধে ব্যর্থ হলে সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লজ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। দরপত্র দাতাকে সরকার কর্তৃক সময়ে জারীকৃত বিধি-বিধান প্রতিপালন করতে হবে।

২৫.০২.২৫

(মো. ইবনে আল জায়েদ হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর।
মোবাইলঃ ০১৭৩০-০৬৭০৭২
Email:unohajigonjchandpur@gmail.com

স্মারক নং- ০৫.৪২.১৩৪৯.০০০.০০০.০৭.০০০৩.২৬-৭৬ তারিখ ঃ ২৫.০১.২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

১. জেলা প্রশাসক, চাঁদপুর।
২. পুলিশ সুপার, চাঁদপুর।
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।
৫. প্রশাসক, হাজীগঞ্জ পৌরসভা, হাজীগঞ্জ, চাঁদপুর।

অনুলিপি: অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো।

১. উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর/ ফরিদগঞ্জ/ শাহরাস্তি/ কচুয়া/ মতলব উত্তর/ মতলব দক্ষিন/ হাইমচর, চাঁদপুর।
২. সহকারী কমিশনার (ভূমি), হাজীগঞ্জ, চাঁদপুর।
৩. অফিসার ইনচার্জ, হাজীগঞ্জ থানা, হাজীগঞ্জ, চাঁদপুর (দরপত্র বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড ও নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. উপজেলা প্রকৌশলী, হাজীগঞ্জ, চাঁদপুর (তাকে দরপত্র বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড ও নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপজেলা......................অফিসার (সকল), হাজীগঞ্জ, চাঁদপুর দরপত্র বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড ও নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, আলীগঞ্জ শাখা, হাজীগঞ্জ, চাঁদপুর।
৭. চেয়ারম্যান,.........................................ইউপি (সকল), হাজীগঞ্জ, চাঁদপুর। (তাঁর এলাকার বাজারসমূহে বহুল প্রচারের অনুরোধসহ)
৮. সভাপতি/ সাধারণ সম্পাদক, হাজীগঞ্জ প্রেসক্লাব, চাঁদপুর।
৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.................................................. ইউনিয়ন ভূমি অফিস (সকল), হাজীগঞ্জ। বর্ণিত বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রের বাজারসমূহে (বাজারের দিন) মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা নিশ্চিত করতে বলা হলো।
১০. স্বাস্থ্য সহকারী ................................................(সকল) ইউনিয়ন কমিউনিটি সেন্টার, হাজীগঞ্জ।
১১. সভাপতি/সাধারণ সম্পাদক, .................................... বাজার ব্যবসায়ী সমিতি (সকল), হাজীগঞ্জ।
১২. জনাব ............................. ইজারাদার ...................................... বাজার (সকল) হাজীগঞ্জ।
১৩. অফিস নথি/ সংশ্লিষ্ট বাজার নথি।

২৫.০১.২৬

উপজেলা নির্বাহী অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর।